P-3282 Deed I 2811

भारतीय गैर न्यायिक

10000 रु. Rs.10000

10000 रु. Rs.10000

10000 रु. Rs10000 दस हजार रुपये

10000 रु. Rs10000 RUPEES TEN THOUSAND

सत्यमेव जयते

10000 रु. Rs.10000

भारत INDIA

INDIA NON JUDICIAL

06AA 233800

16 MAY 2005

Admissible under Rule 51 duly Stamped (... exempt from or does not require Stamp duty under the Indian Stamp Act 1899 and I.S. (W.B. Amendment) Act. 19..

Schedule IA No. 33 ... Rs 20823

Fees Paid D/A Rs ... in C.F.S.

Total F/Fees Rs ... 50

Addl. District Sub Registrar, Asansol, Dist. Burdwan

[redacted]

2/6/05

Certified U/S ... [redacted] ... 9465 ... [redacted] ... 3893000 ... of the property.

[redacted]

2/6/05

দানপত্র দলিল

দানকৃত সম্পত্তির বাজার দর মূল্য ২০,০০,০০০ টাকা।

থানা হীরাপুর, মৌজা সাঁতা মধ্যে দাগ নং সি, এস, ৩০৪০ ও ৩১২৯

এবং যাহার আর, এস, দাগ নং যথাক্রমে ২০৫৭, ২১৮৩

বাস্তু ভূমির মোট পরিমান ২৫$^{৩}/_{৪}$ শতক মায় তদুপরি নির্মিত

পুরাতন দ্বিতল বিশিষ্ট পাকা বাড়ি সহ।

659

1001020
Smt. Dipti Sur
Asansol
11.5.05

16th May
2005

DIPTI SUR

Dipti Sur.



16-5-05

Dipti Sur.



Jhikimiki Sur

Samarjit Banerjee

Execution is admitted by
1) Dipti Sur
W/o Late Phanindra Nath Sur
2) Jhikimiki Sur
Goutam Sur
Saradapalli
Asansol
Hindu
House-wife

Identified by
S. Banerjee
Late Som Nath Banerjee
Ashokpalli Asansol
Asansol
Hindu
Culti.

16-5-05

10 Rs.




পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

00AA 580492

Dipti Sur.
Jhikimiki Sur.

( ২ )

**ঃ দানপত্র গ্রহিত্রী ঃ**


শ্রীমতি ঝিকিমিকি সুর, স্বামী শ্রী গৌতম সুর, জাতি হিন্দু, নাগরিকত্ব ভারতীয়, পেশা গৃহস্থালী, সাকিম 'সুর ভবন' সাবেক অশোক পল্লী, বর্তমানে সারদা পল্লী, পোঃ আসানসোল-৪, থানা আসানসোল সাউথ, চৌকি ও এ্যডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিষ্ট্রি অফিস আসানসোল, জেলা বর্ধমান।

**ঃ দানপত্র দাত্রী ঃ**

শ্রীমতি দীপ্তি সুর, স্বামী স্বর্গীয় ফনীন্দ্র নাথ সুর, জাতি হিন্দু, নাগরিকত্ব ভারতীয়, পেশা গৃহস্থালী, সাকিম 'সুর ভবন' সাবেক অশোক পল্লী, বর্তমানে সারদা পল্লী, পোঃ আসানসোল-৪, থানা আসানসোল সাউথ, চৌকি ও এ্যডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিষ্ট্রি অফিস আসানসোল, জেলা বর্ধমান।

পর পৃষ্ঠায়

Left Hand

| Little Finger to Forefinger | Thumb |
|---|---|
|  |  |

PHOTO




| Thumb | Forefinger to Little finger |
|---|---|
|  |  |

Right Hand

Finger Print Attested by me : Dipti Sen

---

Left Hand

| Little Finger to Forefinger | Thumb |
|---|---|
|  |  |

PHOTO



| Thumb | Forefinger to Little finger |
|---|---|
|  |  |

Right Hand

Finger Print Attested by me : Jhikimiki Sen

---

Left Hand

| Little Finger to Forefinger | Thumb |
|---|---|
| | |

PHOTO

| Thumb | Forefinger to Little finger |
|---|---|
| | |

Right Hand

Finger Print Attested by me :

Dipti Sur
Jhinjhiriki Sur

কস্য রায়তী স্বত্ত্বীয় বাস্তু ভূমি মায় তদুপরি নির্মিত পুরাতন দ্বিতল বিশিষ্ট পাকা বাড়ি আদি সহ শুভ দানপত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ- দানগ্রহিত্রী তুমি আমার গর্ভজাত ও স্নেহের জ্যেষ্ঠ পুত্রের হিন্দুশাস্ত্রমতে বিবাহিতা স্ত্রী অর্থাৎ আমার স্নেহের জ্যেষ্ঠ্যা পুত্রবধূ হইতেছ এবং তুমি আমার গৃহে থাকিয়া আমার এই বৃদ্ধা বয়সে আমার প্রতি যথেষ্ঠ ভক্তি শ্রদ্ধা সহকারে আমার সেবাযত্ন করিয়া আসিতেছ এবং আশা রাখি আমার জীবন কালতক এইরূপে সেবাযত্ন করিবে ইহা আমার দৃঢ় বিশ্বাস আছে। আমার স্বামী মহাশয়ের ঔরসে আমার গর্ভে দুই পুত্র সন্তান জন্ম গ্রহণ করে। আমার গর্ভে কোন কন্যা সন্তান জন্ম গ্রহণ করে নাই অর্থাৎ আমি দুই পুত্রের জননী হইতেছি। জ্যেষ্ঠ পুত্র শ্রীমান গৌতম সুর সে উচ্চ শিক্ষা অর্জন করিয়া 'অটো ইণ্ডিয়া' সংস্থায় চাকুরীরত থাকা অবস্থায় উক্ত সংস্থা বন্ধ হইলে উক্ত সংস্থা হইতে প্রায় এক বৎসরকাল হইল স্বেচ্ছা অবসর গ্রহণ করিয়াছে এবং উক্ত জ্যেষ্ঠ পুত্র গৌতম সুর আমার প্রতি লক্ষ্য রাখিয়া আমার সেবাযত্ন করিয়া আসিতেছে। আমার কনিষ্ঠ পুত্র শ্রীমান সিদ্ধার্থ সুর সে উচ্চ বিদ্যা শিক্ষা লাভ করিয়া উন্নতমানের চাকুরীতে রত থাকিয়া তাহার বিবাহের পর তাহার পত্নী এবং দুই পুত্র রাহুল সুর ও রোহিত সুরকে লইয়া সে আমেদাবাদ মোকামে উচ্চ পদে কোন এক সংস্থায় চাকুরীরত আছেন এবং উক্ত আমেদাবাদ মোকামে তাহার বসবাসের নিমিত্ত গৃহাদি খরিদ করিয়া সেখানে তাহার নিজ পরিবার লইয়া সুখে স্বচ্ছন্দে বসবাস করিতেছে এবং উক্ত কনিষ্ঠ পুত্র শ্রীমান সিদ্ধার্থ সুর এবং কনিষ্ঠা পুত্রবধূ তাহারা কেউই আমার সেবাযত্ন করা দূরে থাক আমার খোঁজ তল্লাসও নেয় না এবং ঈশ্বরের কাছে প্রার্থনা করি উক্ত কনিষ্ঠ পুত্র এবং তাহার স্ত্রী পুত্রগণ যেন চিরসুখী থাকে এবং জীবনে তাহারা যেন আরও সু প্রতিষ্ঠাতা লাভ করে। এমতাবস্থায় দানগ্রহিত্রী তুমি এবং তোমার স্বামী অর্থাৎ আমার জ্যেষ্ঠ পুত্র শ্রীমান গৌতম সুর এবং তাহাদের একমাত্র পুত্র শ্রীমান তথাগত সুর তাহারা আমার এই বৃদ্ধা বয়সে আমার প্রতি যথেষ্ঠ ভক্তি শ্রদ্ধা সহকারে আমার সেবাযত্নাদি করিয়া আসিতেছে এবং আমার কয়েক বৎসর পূর্ব্বে স্বামী বিয়োগ হইয়াছে এবং তাহারা আমার স্বামী বিয়োগ হইতে আমাকে তাহাদের

পর পৃষ্ঠায়

সেবাযত্নে ভুলাইয়া রাখিয়াছে। এমতাবস্থায় আমি দানদাত্রী অত্র দলিলের দানগ্রহিত্রী অর্থাৎ জ্যেষ্ঠা পুত্রবধূর সেবাযত্নে অতীব সন্তুষ্ঠ হইয়া স্নেহ বশতঃ এবং যেহেতু দানগ্রহিত্রীর এবং জ্যেষ্ঠ পুত্রের সংসার লইয়া তাহাদের বসবাসের নিমিত্ত নিজস্ব কোন বাস্তু বাড়ি আদি নাই সেইহেতু দানগ্রহিত্রীর এবং তাহার পরিবারের বসবাসের যাহাতে কোন অসুবিধা না হয় সেই আশঙ্কা নিবারনকল্পে আমার স্বত্ত্ব দখলীয় যাহা আমার সঞ্চিত স্ত্রীধন অর্থে নিম্নের তপশীলে বর্নিত সম্পত্তি মধ্যে যাহা জেলা বর্ধমান, থানা হীরাপুর সামিল মৌজা সাঁতা মধ্যে সাবেক ৬৩৪ নং খতিয়ানভুক্ত সাবেক ৩০৪০ নং দাগ মধ্যে ১১ শতক এবং সাবেক ৩৪ নং খতিয়ানভুক্ত সাবেক ৩১২৯ নং দাগ মধ্যে ২$^৩/_৪$ শতক একুনে ১৩$^৩/_৪$ শতক বাস্তু ভূমি যাহার সাব প্লট নং ২৫ উক্ত ভূমি আমি আসানসোল সাব রেজিষ্ট্রি অফিসের রেজিষ্ট্রিকৃত ১৯৬৪ সালে ৫৩৬২ নং কোবালামূলে উপযুক্ত মূল্য প্রদানে অশোক চট্টোপাধ্যায় মহাশয়ের নিকট খরিদ করিয়া মালিক দখলকারিনী আছি এবং নিম্নের তপশীল বর্নিত সম্পত্তি মধ্যে সাবেক ২৪ নং খতিয়ানভুক্ত সাবেক ৩১২৯ দাগ মধ্যে ১২ শতক এবং যাহার সাব প্লট নং ২৪ উক্ত আসানসোল সাব রেজিষ্ট্রি অফিসের রেজিষ্ট্রিকৃত ১৯৬৭ সালের ৮৬০৪ নং কোবালামূলে উক্ত অশোক চট্টোপাধ্যায় এর নিকট খরিদ করিয়া আমি সম্পূর্ণ স্বত্ত্ব দখলের মালিক দখলকারিনী হইতেছি এবং উক্ত খরিদা দুইটি দলিলের বাস্তু ভূমি একই বাউণ্ডরীভুক্ত করিয়া এবং তাহাতে সম্পূর্ণ স্বত্ত্ব দখলের মালিক থাকিয়া উপরিবর্নিত দলিল দুইটি মধ্যে ১৯৬৪ সালে খরিদা ভূমির উপর একটি বিভিন্ন রুম বিশিষ্ট দ্বিতল গৃহাদি নির্ম্মানকল্পে আসানসোল মিউনিসিপ্যালিটি হইতে বিল্ডিং প্ল্যান অনুমোদন প্রাপ্ত হইয়া ইংরাজী ১৯৬৫ সালে একটি দ্বিতল বিশিষ্ট পাকা বাড়ি যাহাতে গ্রাউণ্ড ফ্লোরে দুইটি ইউনিট এবং ফার্স্ট ফ্লোর বা দ্বিতলের দুইটি ইউনিট নির্ম্মানমতে এবং তাহাতে বসবাসমতে মালিক দখলকারিনী আছি এবং উক্ত দলিল মধ্যে ১৯৬৭ সালের কোবালা দলিল মুলে খরিদা সম্পত্তির কিয়দ অংশে একটি ছোট দ্বিতল বিশিষ্ট তিনটি কার গ্যারেজ যুক্ত এবং ঐ উপরে দুইটি রুম বিশিষ্ট একটি আউট হাউস এবং কার গ্যারেজে মালিক দখলকারিনী আছি। এবং সাবেক আসানসোল মিউনিসিপ্যালিটিতে এবং বর্তমানে আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশনে আমার

পর পৃষ্ঠায়

নামিত হোল্ডিং এ ধার্য্যমত ট্যাকস আদি আদায় দিয়া মালিক দখলকারিনী আছি এবং উক্ত মেইন বিল্ডিং বা দ্বিতল বিশিষ্ট রেসিডেনশিয়াল বিল্ডিং মধ্যে গ্রাউণ্ড ফ্লোরে একটি ইউনিটে মাসিক ভাড়া দেওয়া আছে। এমতে উক্ত স্বত্ত দখলীয় নিম্নের তপশীলে বর্নিত বাস্তুভূমি মায় যাবতীয় গৃহাদি সাজসরঞ্জাম, ফিটিংস, ফিকসচার আদি এবং বাউণ্ডরীভুক্ত খালি জায়গাদি এবং একটি কুয়া সহ যাহা অত্র দানপত্র দলিলের সহিত গ্রথিত এবং দানপত্র দলিলে একাংশীভুক্ত নকসায় দর্শিত লাল রং এর রেখা দ্বারা বেষ্টিত অংশ সম্পত্তি সম্পূর্ণ ষোল আনা অংশ দানপত্র গ্রহিত্রী তোমার বরাবর বিনা শর্ত আরোপে দান করিয়া দিব বহু দিন হইতে মনস্থ করিয়া আসিতেছি কিন্তু আজকাল করিয়া তাহা সম্পাদন করা হয় নাই। এক্ষনে উক্ত দান করিবার ইচ্ছা তোমার নিকট জ্ঞাপন করায় তুমি দানপত্র গ্রহিত্রী আমার উক্ত স্নেহের এবং স্বেচ্ছার দান ভক্তি শ্রদ্ধা সহকারে এবং অবনত মস্তকে গ্রহণ করিতে ইচ্ছুক হওয়ায় আমি অদ্য তপশীলে বর্নিত সম্পত্তি যাহার বর্তমান বাজার দর মূল্য ২০,০০,০০০্ কুড়ি লক্ষ টাকা হইবে উক্ত সম্পত্তি আমি অদ্য এই দানপত্র দলিল দ্বারা তোমার বরাবর দান করিয়া দিয়া সম্পূর্ণ নিঃস্বত্ত ও দখলচ্যুত্যা হইলাম। দানকৃত তপশীল বর্নিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ত, সামিত্ব, লভ্য অধিকার আদি ছিল ও জন্মিয়াছিল তাহা আমা হইতে বিলুপ্ত হইয়া দানগ্রহিত্রী তোমাকে সম্পূর্ণরূপে অর্শিল ও বর্তিল। দানগ্রহিত্রী তুমি অদ্য তারিখ হইতে নিম্নের তপশীল বর্নিত বাস্তু ভূমি মায় গৃহাদিতে আমার যাবতীয় স্বত্ত দখলে সম্পূর্ণ স্বত্ববতী ও মালিক দখলকারিনী হইয়া এবং থাকিয়া তোমার নিজ ইচ্ছামত উহাতে বসবাস করতঃ এবং ব্যবহার করতঃ এবং যে অংশে মাসিক ভাড়াটিয়া আছেন সেই ভাড়াটিয়ার নিকট মাসিক ভাড়া আদায় লইয়া এবং তোমার প্রয়োজনে আইনসঙ্গতভাবে উক্ত ভাড়াটিয়াকে উচ্ছেদমতে নিজ খাস দখলে লইয়া এবং দানকৃত দ্বিতল বাস্তুবাড়ি আদি বহু পুরাতন থাকায় তাহা তোমার নিজ খরচে উন্নয়নমতে এবং তোমার প্রয়োজনে আইনসঙ্গতভাবে এডিশন ও অল্টারেশন করিয়া উহাতে আরও গৃহাদি নির্ম্মানমতে বসবাস করতঃ দানবিক্রয়াদি বিবিধ প্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে পুত্র

পর পৃষ্ঠায়

পৌত্রাদি ও ওয়ারিশানগণ মায় স্থলাভিষিক্তগণ ক্রমে চিরকাল পরমসুখে ভোগ দখল অধিকার করিতে থাকিবে তাহাতে আমার মায় আমার অপর কোন ওয়ারিশানের বা স্থলাভিষিক্তের কষ্মিনকালে কোনো প্রকার ওজরাপত্য বা দাবি দাওয়া কিছু মাত্র করা চলিবে না যদি কেহ করে কি করি তাহা সর্ব্বোতভাবে বাতিল ও নামঞ্জুর বলিয়া পরিগনিত হইবে।

দানকৃত নিম্নের তপশীল বর্নিত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও মুক্ত অবস্থায় থাকাকালীন দানগ্রহিত্রী তোমার বরাবর অদ্য তারিখে দান করিলাম এবং দানকৃত সম্পত্তিতে তুমি দানপত্র গ্রহিত্রী অদ্য তারিখে দানকৃত তপশীল বর্নিত সম্পত্তিতে খাস দখল প্রাপ্ত হইলে।

দানকৃত নিম্নের তপশীল বর্নিত সম্পত্তিতে মায় হারাহারি খাজনা দান গ্রহিত্রী তুমি বর্ত্তমানে পশ্চিমবঙ্গ সরকার পক্ষে এস. ডি. এল. এণ্ড এল. আর. ও, একসটেনশন, পার্ট-১, আসানসোল অফিসে আমার নামের স্থলে তোমার নিজ নাম পত্তন করাইয়া লইবে এবং হারাহারি মতে খাজনাদি আদায় দিবে এবং আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশন অফিসে আমার নামিত হোল্ডিং-এ নিজ নাম পত্তন করাইয়া ধার্য্যমত ট্যাকস আদি আদায় দিবে এবং ওয়েষ্ট বেঙ্গল ইলেকট্রিসিটি বোর্ডের অধীনে ইলেকট্রিক সাপ্লাই ডিপার্টমেণ্টে আমার নামিত ইলেকট্রিক মিটারে এবং ইলেকট্রিক কানেকশনে তোমার নিজ নাম পত্তন করাইয়া লইবে এবং যথারীতি ইলেকট্রিক বিল আদায় দিবেন তাহাতে আমাকে যাহা কিছু মোকাবিলা দিতে হয় তাহা দিব ও দিতে বাধ্য থাকিলাম।

তপশীলে বর্নিত দানকৃত সম্পত্তির প্রকৃত পরিচয় ও সীমারেখা নির্নয়ের জন্য অত্র সহ এক কপি নকসা গ্রথিত হইল এবং উক্ত নকসায় দর্শিত লাল রং রেখা দ্বারা বেষ্টিত অংশ সম্পত্তি বিক্রয় হইল এবং উক্ত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গন্য হইবে।

পর পৃষ্ঠায়

এতদর্থে আমি স্বইচ্ছায় সুস্থ চিত্তে অন্যের বিনা অনুরোধে অত্র দানপত্র দলিলের মর্মাদি সম্যক রূপে অবগত হইয়া এবং নিম্ন সাক্ষরিত সাক্ষীগণের সমক্ষে অত্র দানপত্র দলিল নিজে পাঠ করিয়া এবং আমার নির্দেশ মত ঠিক লেখা হইয়াছে জানিয়া আমি অদ্য নিম্ন সাক্ষরকারী সাক্ষীগণের সাক্ষাতে অদ্য অত্র দানপত্র দলিলে সহি দস্তখত মতে দানপত্র দলিল সম্পাদন করিলাম সাক্ষীগণও অত্র দানপত্র দলিলে সাক্ষীরূপে সহি করিলেন এবং দানপত্র গ্রহিত্রী তুমিও অত্র দান গ্রহণ স্বীকারে অত্র দলিলে সহি দস্তখত দিলে। ইতি বাংলা সন ১৪১২ সাল তারিখ ২৮শে বৈশাখ, ইংরাজী তারিখ ১২/০৫/২০০৫।

## —ঃ 'ক' তপশীল সম্পত্তির বিবরণ ঃ—

১ দফা ঃ- জেলা বর্ধমান, চৌকি ও এ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিষ্ট্রি অফিস আসানসোল থানা হীরাপুর সামিল মৌজা সাঁতা মধ্যে সাবেক ৬৩৪ নং খতিয়ানভুক্ত আর, এস, ধার্য্যমত খণ্ড খতিয়ানভুক্ত রায়তী স্বত্ত্বীয় সম্পত্তির বার্ষিক ধার্য্যমত জমার সামিল সম্পত্তি, জে, এল নং সাবেক ২৮ বর্তমানে জে, এল, নং ২০।

দাগ নং সাবেক ৩০৪০ তিন হাজার চল্লিশ হইতে আর, এস, দাগ নং ২০৫৭ দুই হাজার সাতান্ন বাস্ত পরিমান ১১ এগারো শতক মাত্র।

২ দফা ঃ- ঐ জেলাদি সামিল উক্ত মৌজা সাঁতা মধ্যে সাবেক ২৪ নং খতিয়ান হইতে আর, এস, ৩৪ নং খতিয়ানভুক্ত রায়তী স্বত্ত্বীয় সম্পত্তির বার্ষিক ধার্য্যমত জমার সামিল সম্পত্তি, জে, এল নং সাবেক ২৮ বর্তমানে জে, এল, নং ২০।

দাগ নং সাবেক ৩১২৯ তিন হাজার একশত উনত্রিশ হইতে আর, এস, দাগ নং ২১৮৩ দুই হাজার একশত তিরাশি বাস্ত পরিমান ২৩/৪ দুই পূর্ণ তিনের চার শতক মাত্র।

'ক' তপশীলে ১ ও ২ দফায় মোট ১৩৩/৪ তেরো পূর্ণ তিনের চার শতক এবং যাহা খরিদা দলিলের সহিত গ্রথিত নকসায় দর্শিত সাব প্লট নং ২৫ হইতেছে ।

পর পৃষ্ঠায়

## —ঃ 'খ' তপশীল সম্পত্তির বিবরণ ঃ—

জেলা বর্ধমান, চৌকি ও এ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিষ্ট্রি অফিস আসানসোল, থানা হীরাপুর সামিল মৌজা সাঁতা মধ্যে সাবেক ২৪ নং খতিয়ান হইতে আর, এস, ৩৪ নং খতিয়ানভুক্ত রায়তী স্বত্তীয় সম্পত্তির বার্ষিক ধার্য্যমত জমার সামিল সম্পত্তি, জে, এল নং সাবেক ২৮ বর্তমানে জে, এল, নং ২০। দাগ নং সাবেক ৩১২৯ হইতে আর, এস, দাগ নং ২১৮৩ দুই হাজার একশত তিরাশি বাস্তু এবং যাহা আমার খরিদা দলিলের সহিত নকসায় দর্শিত সাব প্লট নং ২৪ পরিমান ১২ বারো শতক মাত্র। 'ক' তপশীলে ১ ও ২ দফায় মোট ১৩৩/৪ শতক এবং 'খ' তপশীলে পরিমান ১২ শতক সর্বমোট ২৫৩/৪ পঁচিশ পূর্ণ তিনের চার শতক বাস্তু ভূমি এবং যাহা অত্র সহ গ্রথিত নকসায় দর্শিত লাল রং এর রেখা দ্বারা বেষ্টিত অংশ সম্পত্তি এবং উক্ত সম্পত্তি মধ্যে পুরাতন নির্মিত একটি দ্বিতল বিশিষ্ট রেসিডেনশিয়াল বাড়ি যাহাতে গ্রাউণ্ড ফ্লোরে দুইটি ইউনিট প্রতি ইউনিটে দুইটি বেড রুম, একটি ড্রইং রুম, একটি ডাইনিং স্পেস, একটি রান্নাঘর, দুইটি বাথরুম পায়খানা এবং একটি বারাণ্ডা এবং কমন সিঁড়িঘর সহ অনুরূপ ঐ দ্বিতলে দুইটি ইউনিট প্রতিটি ইউনিটে দুইটি বেড রুম, একটি ড্রইং রুম, একটি ডাইনিং স্পেস, একটি রান্নাঘর, দুইটি বাথরুম পায়খানা এবং একটি বারাণ্ডা এবং কমন সিঁড়িঘর প্রতিটি ইউনিটের কভার এরিয়া ১২৫০ বর্গফুট হিসাবে গ্রাউণ্ড ফ্লোর কভার এরিয়া ২৫০০ দুই হাজার পাঁচশত বর্গফুট অনুরূপ ফার্স্ট ফ্লোর বা দ্বিতলের কভার এরিয়া মোট ২৫০০ দুই হাজার পাঁচশত বর্গফুট হইতেছে। অর্থাৎ পুরাতন দ্বিতল বাড়ির সর্বমোট কভার এরিয়া গ্রাউণ্ড ফ্লোর এবং ফার্স্ট ফ্লোর মিলিয়া ৫০০০ পাঁচ হাজার বর্গফুট হইতেছে এবং উক্ত বাস্তু সম্পত্তি মধ্যে উক্ত নকসায় দর্শিত একটি ছোট দ্বিতল বিশিষ্ট বাড়ি যাহার গ্রাউণ্ড ফ্লোরে তিনটি কার গ্যারেজ, এবং ঐ দ্বিতলে দুইটি আউট হাউস রুম। উক্ত ছোট দ্বিতলের কভার এরিয়া গ্যারেজ ও আউট হাউস মিলিয়া মোট ৯০০ নয়শত বর্গফুট হইতেছে। উক্ত সম্পত্তির হোল্ডিং নং ১২৬, কুমারপুর, সার্কেল নং ১১, ওয়ার্ড নং ১ অফ এ, এম, সি, হইতেছে। উক্ত হোল্ডিং এর সম্পূর্ণ সম্পত্তি দান হইল।

পর পৃষ্ঠায়

Dipte Sur,
Jhikimiki Sur.

তপশীল বর্নিত সম্পত্তির হারাহারি খাজনা ধার্য্যমত পশ্চিমবঙ্গ সরকার পক্ষে এস, ডি, এল, এ্যাণ্ড এল, আর ও একসটেনশন, পার্ট-১, আসানসোল মহোদয়ের অফিসে জমা দিতে হয়।

ইসাদি ঃ-

দানপত্র দাত্রী আমাদের সাক্ষাতে অত্র দানপত্র দলিল পাঠ করিয়া, বুঝিয়া অত্র দলিলে সহি সম্পাদন করিলেন এবং তারপরে আমরা সাক্ষীগণ তাহার সাক্ষাতে অত্র দলিলে সাক্ষীরূপে সহি করিলাম।

১) Sabyajit Banerjee
S/o Lt Som Nath Banerjee
Ashokpalli Asansol-4

২) Subrato Sinha
Burnpur.

৩) Abdul Gaffar
Asansol

অত্র দানপত্র দলিল দানদাত্রীর কহতমত এবং দলিল আদি দৃষ্টে প্রস্তুত করিয়া, পড়িয়া শুনাইয়া দিলাম এবং দলিলের মর্ম্মাদি সম্যক রূপে বুঝাইয়া দিলাম এবং আমার অফিস হইতে দলিলখানি ছাপা হইল।

প্রস্তুত কারক ঃ–

শ্রীশ্রীধর চন্দ্র মিত্র

( শ্রীধর চন্দ্র মিত্র )
দলিল লেখক
লাইসেন্স নং ০৯
সাং-আপার চেলিডাঙ্গা, আসানসোল

একখানি ডেমি কাগজে দানদাত্রীর আঙ্গুলের ছাপ ও স্বাক্ষর সম্বলিত পত্র অত্র দলিলের ২ ও ৩ নং পাতার মাঝখানে গ্রথিত হইল।

Dipte Sur

SKETCH SHOWING LAND WITH TWO STOREYED BUILDING AND G.F. GARAGE, F.F. OUT HOUSE GIFTED BY SMT. DIPTI SUR W/O LATE PHANINDRANATH SUR IN FAVOUR OF HER DAUGHTER IN LAW SMT. JHIKIMIKI SUR W/O SRI GOUTAM SUR OF SARADA PALLY, ASANSOL-4.

## SCHEDULE-'KA' PROPERTY

DISTRICT-BURDWAN P.S.-HIRAPUR MOUZA-SANTA J.L.Nº 20

ITEM-1, C.S. PLOT Nº 3040 C.S. KH. Nº 634, R.S. PLOT Nº 2057(P)

MEASURING AREA OF LAND 11 SATAK

ITEM-2, C.S. PLOT Nº 3129, R.S. PLOT Nº

MEASURING AREA OF LAND 02 3/4 SATAK

## SCHEDULE-'KHA' PROPERTY

C.S. PLOT Nº 3129 R.S. PLOT Nº 2183 (PART)

MEASURING AREA OF LAND 12 SATAK

TOTAL AREA OF LAND 25 3/4 SATAK


COVERED AREA OF RESIDENTIAL BUILDING


GROUND FLOOR 2500 SFT. FIRST FLOOR 2500 SFT.

GROUND FLOOR GARAGE 450 SFT, FIRST FLOOR OUT HOUSE 450 SFT, AND ONE WELL.

SHOWN IN RED BORDER THUS

SCALE: 1"=15'-0"




FIRST FLOOR PLAN

SIGNATURE OF DONOR AND DONEE

DRAWN BY: [signature] 05.05.2005.